

**রোহিঙ্গা বিষয়ক আমন্ত্রণ: মন্ত্রণালয় সভা**  
**৩ লক্ষ ৬৫ হাজার রোহিঙ্গার নিবন্ধন সম্পন্ন, ২৩,৫৯০ এতিম সনাক্ত**

ঢাকা, ৩০ অক্টোবর ২০১৭

মায়ানমারের বল প্রয়োগে বাস্তবায়িত নাগরিক যারা বাংলাদেশে আশ্রয় নিয়েছেন, এমন ৩ লক্ষ ৬৫ হাজার রোহিঙ্গার নিবন্ধন সম্পন্ন হয়েছে। নভেম্বরের মধ্যে অবশিষ্টদের নিবন্ধন শেষ করতে পারবে বলে পাসপোর্ট অধিদপ্তর আশা করছে। ইতোমধ্যে ২৩,৫৯০ জন এতিম সনাক্ত করা হয়েছে বলে জানিয়েছেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি। এর মধ্যে ৪ হাজার শিশু রয়েছে যাদের বাবা-মা কেউ নেই।

আজ সচিবালয়ের সম্মেলনকক্ষ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ সচিবের সভাপতিত্বে রোহিঙ্গা বিষয়ক আমন্ত্রণ: মন্ত্রণালয় সভায় এ তথ্য জানানো হয়। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে স্বাস্থ্য সচিব, পরিসংখ্যান সচিবসহ বিভিন্ন মন্ত্রণালয় ও বাহিনীর প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।



সভায় জানানো হয় রোহিঙ্গা ক্যাম্পে ইতোমধ্যে ১ লক্ষ ৩৩ হাজার পরিবারের শেড নির্মাণ করা হয়েছে। নভেম্বরের মধ্যে নির্ধারিত ১ লক্ষ ৫০ হাজার পরিবারের শেড নির্মাণ সম্পন্ন হবে। সভায় আরও জানানো হয়, ২০ বসকে বিভক্ত ক্যাম্পের প্রত্যেক বসকে ১টি করে কমিউনিটি হাসপাতাল নির্মাণ করা হবে। পুলিশ সদর দপ্তর থেকে জানানো হয়, ক্যাম্পে প্রতি চার বসকের জন্য একটি পুলিশ ক্যাম্প স্থাপন করা হবে। স্থানীয় পুলিশ প্রশাসন বর্তমানে পুরো ক্যাম্প এলাকা সার্বজননিক নজরদারীতে রাখছে। সাম্প্রতিক রোহিঙ্গা কর্তৃক এক বাংলাদেশী হত্যা প্রসঙ্গে বলা হয়, ইতোমধ্যে হত্যাকারীদের গ্রেফতার করা হয়েছে। তাদের আইনের আওতায় আনা হবে। নিরাপত্তা ব্যবস্থা জোরদারের জন্য ক্যাম্পে বিদ্যুতের ব্যবস্থা করা হয়েছে। বিদ্যুতের প্রত্যেক খুঁটিতে একটি করে লাইট স্থাপন ও একটি পর একটি খুঁটিতে সোলার প্যানেল স্থাপনের জন্য সভায় সিদ্ধান্ত দেয়া হয়।

সভায় দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রী বলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনার মহানুভবতায় মায়ানমারের রোহিঙ্গা নাগরিকদের খোলা আকাশের নিচ থেকে শেডে জায়গা দেয়া হয়েছে। তাদের জন্য মানবিক সকল ধরনের সহযোগিতা দিয়েছে বাংলাদেশ। অতি দ্রুত এসব নাগরিকদের নিজ দেশে ফিরিয়ে নেয়ার জন্য মন্ত্রী মায়ানমারের প্রতি আহবান জানান।

(মোহাম্মদ ওমর ফারুক দেওয়ান)  
সিনিয়র তথ্য অফিসার  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
০১৯৪৩-৪৪৬৩২৩